# EU


## European Union



## EU-European Union

**ইউরোপ** মহাদেশের অধিকাংশ দেশের একটি অর্থনৈতিক ও রাজনৈতিক জোট।
পারস্পরিক স্বার্থে শুল্ক ও কর হ্রাসের মাধ্যমে দেশসমূহের পণ্যের সুলভ ও
সাধারণ বাজার প্রতিষ্ঠার লক্ষ্যে ইইউ প্রতিষ্ঠিত হয়।

# সদস্য দেশ ও প্রার্থী দেশসমূহ



## সংক্ষিপ্ত ইতিহাসঃ

১৯৫১ সালে ইউরোপীয় কয়লা ও ইস্পাত সম্প্রদায় (European Coal and Steel Community) গঠিত হয় যা ইউরোপীয় ইউনিয়নের প্রথম পদক্ষেপ হিসেবে বিবেচিত হয়। এই সমিতির লক্ষ্য ছিল ভারী শিল্প কারখানাগুলো পুরো ইউরোপময় ছড়িয়ে দিয়ে নিজেদের মাঝে যুদ্ধ কলহ বন্ধ করা ও পরস্পর ভাতৃত্ববোধ বাড়ানো।





1957 সালের ২৫ মার্চ বেলজিয়াম,  ফ্রান্স, জার্মানি, ইটালি, লুক্সেমবার্গ এবং নেদারল্যান্ডসের মধ্যে স্বাক্ষরিত চুক্তিটি **রোম চুক্তি** নামে পরিচিত। এদের সমন্বয়ে ইউরোপীয় অর্থনৈতিক সম্প্রদায় (European Economic Community) গঠিত হয়। একই দিনে অন্য আরেকটি চুক্তি স্বাক্ষরিত হয় যার হলে ইউরোপীয় দেশগুলো আণবিক শক্তির উন্নয়নের জন্য ইউরোপীয় আণবিক শক্তি সম্প্রদায় (European Atomic Energy Community (Euratom) গঠন করে।

দুটি চুক্তিই ১৯৫৮ সালের ১ জানুয়ারি কার্যকর হয়। ১৯৬৭ সালে মার্জার চুক্তি (Merger Treaty) নামে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুসারে একই দিক নির্দেশনা নির্ধারণ করা হয় যাদের একসাথে 'ইউরোপীয় সম্প্রদায়' (European Community) নামে অভিহিত করা হতো।



Treaty of

# Maastricht



১৯৯২ সালের ৭ ফেব্রুয়ারী নেদারল্যান্ডসের ম্যাসট্রিচট শহরে ঐতিহাসিক ম্যাসট্রিচট চুক্তি স্বাক্ষরের মাধ্যমে EU প্রতিষ্ঠিত হয়। চুক্তিটি কার্যকর হয় ১৯৯৩ সালের ১ নভেম্বর কার্যকর হয়।



প্রতিষ্ঠাঃ ১ নভেম্বর, ১৯৯৩

সদস্য সংখ্যাঃ ২৭

অফিসিয়াল ভাষা ২৪

পতাকায় তারকার সংখ্যা ১২

ইউরোপীয় পার্লামেন্ট এর কর্মস্থল স্ট্রাসবার্গ, লুক্সেমবার্গ ও ব্রাসেলস।


সদর দপ্তরঃ
ব্রাসেলস, বেলজিয়াম।

## ইউরোঃ

ম্যাসট্রিচট চুক্তির মাধ্যমে একক মুদ্রা ইউরোর আবির্ভাব ঘটে।

ইউরো চালু হয় ১ জানুয়ারি ১৯৯৯।

ইউরো মুদ্রা ব্যবহারকারী দেশ ১৯ টি, ১৯তম দেশ হিসেবে লিথুয়ানিয়া ইউরো ব্যবহার করছে।

ইউরোর রয়েছে ৮টি নোট ও ৭টি কয়েন।

ইউরোর কেন্দ্রীয় ব্যাংকের সদর দফতর জার্মানির ফ্রাঙ্কফুটে।



ইউরোর জনক
রবার্ট মুন্ডেল
(কানাডা)





ইউরোপের বাইরে সর্বপ্রথম
ইউরোর লেনদেন হয় ভারতে
(৪ জানুয়ারি, ১৯৯৯)।



ইইউ এর বাইরে কসোভো
ইউরোকে তাদের নিজস্ব মুদ্রা
হিসেবে গ্রহণ করেছে।

১৯৮৫ সালে শেনজেন চুক্তির **(Schengen Agreement)** মাধ্যমে সদস্য ও ইউরোপের অন্য কয়েকটি রাষ্ট্রের মধ্যে পাসপোর্টবিহীন সীমান্ত ধারণার উপায় তৈরি হয়। ১৯৮৬ সালে ইউরোপীয় পতাকা ব্যবহার শুরু হয় এবং একক ইউরোপীয় আইন স্বাক্ষরিত (Single European Act) হয়।





শেনজেন বর্ডার
ভুক্ত দেশঃ ২২ টি



সর্বশেষ যোগদানকারী সদস্যঃ
ক্রোয়েশিয়া -২০১৩



ইইউ এর এসোসিয়েট সদস্য
দেশ: তুরস্ক


ইইউ এর অঙ্গসংগঠন ৮ টি।
যার মধ্যে অন্যতম ইউরোপিয়ান পার্লামেন্ট।
সচিবালয়- লুক্সেমবার্গ
সদস্য সংখ্যা বর্তমানে ৭০৫



১৯৯০ সালের ৩ অক্টোবর প্রাক্তন পূর্ব জার্মানি বিশেষ আইনের মাধ্যমে পশ্চিম জার্মানির অন্তর্ভুক্ত হয়ে যাওয়ায় পূর্ব জার্মানি স্বয়ংক্রিয়ভাবেই ইইউ-এর সদস্যপদ লাভ করে।

১৯৮৫ সালে একটি গৃহীত স্বরাষ্ট্র আইনের মাধ্যমে গ্রিনল্যান্ড ইইউ ত্যাগ করে। মূলত এটি ডেনমার্কের অন্তর্ভুক্ত একটি দ্বীপ। ২০১৬ সালের ২৩ জুন ব্রিটেন ৪৭ বছরের সদস্য পদ গণভোট এর মাধ্যমে বাতিল করে।





# ব্রেক্সিট

২০১৬ সালের এক গণভোটে ব্রিটেন ইইউ থেকে বের যাবার ব্যাপারে সিদ্ধান্ত নেয়, এবং সেই সিধান্ত মোতাবেক ৩১ জানুয়ারি,  ২০২০ ব্রিটেন ইইউ থেকে আনুষ্ঠানিক ভাবে বেরিয়ে যায়। ব্রিটেন এর এক্সিট কে ব্রেক্সিট বলা হয়।




# নোবেল পুরস্কারপ্রাপ্তিঃ

**ইউরোপে শান্তি ও স্থিতিশীলতা এবং গণতন্ত্র ও মানবাধিকার সমুন্নত রাখায় ইউরোপীয় ইউনিয়ন ২০১২ সালের নোবেল শান্তি পুরস্কার লাভ করে**

# ধন্যবাদ